আল্লামা ইদরিস কান্ধলবি রাহ.

# ইসলামি আকিদা

[প্রথম খণ্ড]

আলোচ্য বিষয় তাওহিদ



# ইসলামি আকিদা

[প্রথম খণ্ড]

আলোচ্য বিষয় তাওহিদ

মূল : **আল্লামা ইদরিস কান্ধলবি রাহ.**

অনুবাদ, সংকলন, প্রয়োজনীয় টীকা ও ব্যাখ্যা

**আলী হাসান উসামা**

কালান্তর প্রকাশনী

দ্বিতীয় সংস্করণ : একুশে গ্রন্থমেলা ২০২২
প্রকাশকাল : অক্টোবর ২০২০

© : প্রকাশক

মূল্য : ৳ ৩৬০, US $ 14. UK £ 9

প্রচ্ছদ : হামীম কেফায়েত

প্রকাশক
**কালান্তর প্রকাশনী**
বশির কমপ্লেক্স, ২য় তলা, বন্দরবাজার
সিলেট। ০১৭১১ ৯৮৪৮২১

**ঢাকা বিক্রয়কেন্দ্র**
ইসলামী টাওয়ার, ১ম তলা
বাংলাবাজার, ঢাকা।
০১৩১২ ১০ ৩৫ ৯০

অনলাইন পরিবেশক
**রকমারি, রেনেসাঁ, ওয়াফি লাইফ**

মুদ্রণ : বোখারা মিডিয়া
bokharasyl@gmail.com

ISBN : 978-984-95932-5-6

**Islami Aqida[1st]**
by **Allama Idris Kandholbi**

Published by
**Kalantor Prokashoni**
+88 01711 984821
kalantorprokashoni10@gmail.com
facebook.com/kalantorprokashoni
www.kalantorprokashoni.com

---

**All Rights Reserved**
No part of this publication may be reproduced, distributed, or transmitted in any form or by any means without the prior written permission of the publisher, except in the case of brief quotations embodied in critical reviews and certain other noncommercial uses permitted by copyright law.

# প্রকাশকের কথা

নিঃসন্দেহে সব প্রশংসা আল্লাহ রাব্বুল আলামিনের—আমরা যাঁর কাছে সাহায্য প্রার্থনা করি, যাঁর কাছে গুনাহসমূহ ক্ষমার আবেদন জানাই, যাঁর কাছে আশ্রয় চাই নাফসের কুমন্ত্রণা থেকে। আল্লাহ যাকে পথপ্রদর্শন করেন, কেউ তাকে পথভ্রষ্ট করতে পারে না; আর যাকে পথভ্রষ্ট করেন, কেউ তাকে পথপ্রদর্শন করতে পারে না। আমি সাক্ষ্য দিচ্ছি, এক আল্লাহ ছাড়া আর কোনো ইলাহ নেই, তাঁর কোনো অংশীদার নেই, কোনো সমকক্ষ বা প্রতিপক্ষ নেই। তিনি যাবতীয় ত্রুটি-বিচ্যুতি থেকে সম্পূর্ণ পবিত্র। তিনি অতুলনীয় মহামহিম সত্তা। তাঁর অনুরূপ কিছুই নেই। আমি আরও সাক্ষ্য দিচ্ছি, মুহাম্মাদ ﷺ আল্লাহর বান্দা ও রাসুল। তিনি উম্মাহর কাছে তাঁর দাওয়াত পৌঁছাতে কোনো কার্পণ্য করেননি, কোনো ত্রুটি করেননি, কোনো প্রতারণারও আশ্রয় নেননি। তিনি ছিলেন ইনসাফের নবি। আল্লাহ তাঁর সকল সাহাবি, উম্মাহাতুল মুমিনিন রা. ও আহলুল বাইতের মর্যাদা সর্বদা সমুন্নত রাখুন।

ধর্মবিশ্বাস বোঝাতে ‘আকিদা’ শব্দটি হিজরি চতুর্থ শতাব্দী থেকে মুসলিম উম্মাহর মধ্যে বহুল ব্যবহৃত হয়ে আসছে। আরবি অভিধানগ্রন্থ *আল-মিসবাহুল মুনিরে* ভাষাবিদ আহমাদ ইবনু মুহাম্মাদ ফাইয়ুমি (মৃত্যু : ৭৭০ হিজরি) বলেন, ‘মানুষ দীন হিসেবে যা গ্রহণ করে, তাকে আকিদা বলা হয়। যেমন বলা হয়—তার আকিদা ভালো আছে। অর্থাৎ, তার সন্দেহমুক্ত বিশ্বাস আছে।’ সেই নিরিখে ‘ইসলামি আকিদা’ বলতে দীনের সন্দেহমুক্ত বিশ্বাসসমূহ বোঝানো হয়।

আল্লামা ইদরিস কান্ধলবির ইসলামি আকিদাবিষয়ক যাবতীয় রচনার অনূদিত ও সংকলিত রূপই হচ্ছে এই *ইসলামি আকিদা*গ্রন্থটি। এতে দীন ইসলামের অকাট্য বিশ্বাসসমূহ সন্নিবেশিত হয়েছে।

*ইসলামি আকিদার* এই সিরিজটি তিন খণ্ডে সমাপ্ত হবে, যার প্রথম খণ্ড—অর্থাৎ, এই খণ্ডটি দীনের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় 'তাওহিদ' সম্পর্কিত আলোচনায় সমৃদ্ধ। গ্রন্থটি অনুবাদ, সংকলন ও প্রয়োজনীয় টীকা সংযোজন করেছেন তরুণ আলিম আলী হাসান উসামা। তাঁর অক্লান্ত পরিশ্রমের ফলেই এটি পাঠকের হাতে তুলে দেওয়া সম্ভব হয়েছে। গ্রন্থটি আদ্যোপান্ত পড়ে আমি বারংবার নোট দিয়েছি এবং তিনি তাঁর শত ব্যস্ততা সত্ত্বেও তা আমলে নিয়েছেন।

ইসলামি আকিদাবিষয়ে বাজারে প্রচুর গ্রন্থ থাকা সত্ত্বেও এত পরিশ্রম করে এই গ্রন্থটি আনার নেপথ্যের কারণ—বাংলাদেশের তাওহিদবাদী মুসলিমের আপসহীন নেতা আল্লামা জুনায়েদ বাবুনগরী হাফিজাহুল্লাহর গুরুত্বপূর্ণ অভিমতে জানতে পারবেন বলে আশা রাখি।

উপমহাদেশের বিশিষ্ট আকাবিরে দীন আল্লামা ইদরিস কান্ধলবি রাহ.-এর বিস্তৃত ইলমি কাজকে যথোপযুক্ত বিন্যাসের মাধ্যমে সাধারণ পাঠকের পাঠ-উপযোগী করে অনুবাদ-সংকলনের এই গুরুদায়িত্ব নিজের কাঁধে নিয়ে আলী হাসান উসামা বাংলাভাষী পাঠকদের ঋণের জালে আবদ্ধ করে ফেলেছেন। এই ঋণ শোধের সর্বোত্তম পন্থা—গ্রন্থটির সর্বোচ্চ প্রচার-প্রসার এবং একে উসিলা করে তাওহিদের সুমহান চেতনার বুনিয়াদে উম্মাহ গঠনের কাজে ভূমিকা রাখা।

ভাষা, বানান ও তথ্যের খুঁটিনাটি কাজে আমার সঙ্গে সহযোগিতা করেছেন ইলিয়াস মশহুদ ও দিলশাদ মাহমুদ মাহদি। প্রত্যেককে আল্লাহ দুনিয়া ও আখিরাতে উত্তম বিনিময় দিন।

অনেক জোড়া অনুসন্ধানী চোখের পর্যবেক্ষণ সত্ত্বেও ভুল থেকে যাওয়া অসম্ভব নয়। কল্যাণকামী দৃষ্টিভঙ্গি থেকে আমাদের জানালে ইনশাআল্লাহ তা সংশোধন করা হবে। আল্লাহ আমাদের সবাইকে তাঁর তরে কবুল করুন এবং সিরাতাল মুসতাকিমের ওপর অটল-অবিচল থাকার তাওফিক দিন।

**আবুল কালাম আজাদ**
কালান্তর প্রকাশনী
২৮.অক্টোবর ২০২০

দারুল উলুম মুইনুল ইসলাম হাটহাজারী মাদরাসার শায়খুল হাদিস ও শিক্ষাসচিব, হেফাজতে ইসলাম বাংলাদেশের সাবেক মহাসচিব

**আল্লামা জুনায়েদ বাবুনগরী রাহিমাহুল্লাহর**

# অভিমত

ইসলাম এসেছে জাহিলিয়াত দূর করে তাওহিদ ও মিল্লাতে ইবরাহিম প্রতিষ্ঠা করতে। মুসলমানদের অন্ধকার থেকে আলোর দিকে বের করে আনতে। ইসলামের ভিত্তি হচ্ছে আকিদা ও বিশ্বাস। যার আকিদা পরিশুদ্ধ হবে, তার দীন আল্লাহর নিকট গৃহীত হবে। যার আকিদায় শিরক ও জাহিলিয়াত থাকবে, সে বিপথগামী বলে বিবেচিত হবে। রাসুল ﷺ তার উম্মাহকে শেষ জামানার ফিতনার ব্যাপারে জানিয়েছেন। উম্মাহর মধ্যে আকিদা নিয়ে যে ভয়াবহ মতবিরোধ হবে, সে ব্যাপারে সতর্ক করে গেছেন। আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস রা. থেকে বর্ণিত; রাসুল ﷺ বলেন,

> وَإِنَّ بني إسرائيل تَفَرَّقَتْ عَلَى ثِنْتَيْنِ وَسَبْعِينَ مِلَّةً، وَتَفْتَرِقُ أُمَّتِي عَلَى ثَلَاثٍ وَسَبْعِينَ مِلَّةً، كُلُّهُمْ فِي النَّارِ إِلاَّ مِلَّةً وَاحِدَةً، قَالُوا: وَمَنْ هِيَ يَا رَسُولَ اللهِ؟ قَالَ: مَا أَنَا عَلَيْهِ وَأَصْحَابِي.
>
> বনি ইসরাইল ৭২ দলে বিভক্ত হয়েছিল। আমার উম্মাহ ৭৩ দলে বিভক্ত হবে। শুধু একটি দল ছাড়া বাকি সবাই জাহান্নামি হবে। সাহাবিগণ বললেন, 'হে আল্লাহর রাসুল, সে দল কোনটি?' তিনি বললেন, আমি ও আমার সাহাবিগণ যে আদর্শের ওপর প্রতিষ্ঠিত (যারা এর অনুসারী হবে, তারাই মুক্তিপ্রাপ্ত দল)। [সুনানুত তিরমিজি : ২৬৪১]

সুতরাং কিয়ামতপূর্ব এই ফিতনার যুগে সরলপথের ওপর প্রতিষ্ঠিত থাকতে আহলুস সুন্নাত ওয়াল জামাআতের বিশুদ্ধ আকিদা সম্পর্কে বিস্তৃতভাবে অধ্যয়ন করা, প্রতিটি মৌলিক আকিদা যথাযথভাবে হৃদয়ঙ্গম করা এবং সহিহ-শুদ্ধ আকিদা লালন করা প্রত্যেক মুসলমান নর-নারীর জন্য একান্ত আবশ্যক। বক্ষ্যমাণ গ্রন্থটি আমাদের সকলের শ্রদ্ধেয় আকাবির শায়খুত তাফসির আল্লামা ইদরিস কান্ধলবি রাহ.-এর আকিদাবিষয়ক আলোচনাসমূহের সংকলন। সংকলনটি অনুবাদ করে নিপুণভাবে প্রস্তুত করেছেন আমার অত্যন্ত স্নেহভাজন আলিম মুফতি আলী হাসান উসামা। এতে তার কিছু গুরুত্বপূর্ণ সংযোজনও রয়েছে। এটা হচ্ছে গ্রন্থের প্রথম খণ্ড। এ খণ্ডের আলোচ্য বিষয় হচ্ছে তাওহিদ। গ্রন্থটি মোট তিন খণ্ডবিশিষ্ট হবে। আকিদার অন্য বিষয়গুলো পরবর্তী দুই খণ্ডে আলোচিত হবে। বক্ষ্যমাণ খণ্ডে ইসলাম, ইমান, কুফর ও শিরকের পরিচয় ও প্রকৃতি, তাওহিদের হাকিকত, তাৎপর্য ও যৌক্তিকতা এবং আল্লাহ তাআলা-সম্পর্কিত আহলুস সুন্নাহর আকিদা-বিশ্বাস সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে। বিশেষভাবে গ্রন্থের শেষে সিফাতে মুতাশাবিহাত তথা নিগূঢ় সাদৃশ্যমূলক গুণাবলি সম্পর্কে বিস্তৃত দালিলিক আলোচনা স্থান পেয়েছে।

আমি গ্রন্থটির আদ্যোপান্ত একনজর দেখেছি। সামান্য সংশোধনীও দিয়েছি। আমার কাছে গ্রন্থটিকে মুসলিম উম্মাহর জন্য অত্যন্ত প্রয়োজনীয় এবং সময়ের চাহিদা পূরণে সক্ষম বলে মনে হয়েছে।

হালজামানার একশ্রেণির মুসলমান নিজেদেরকে সহিহ আকিদার অনুসারী পরিচয় দিয়ে হাজার বছর ধরে স্বীকৃত আকিদা নিয়ে ফিতনা ছড়াচ্ছে। সালাফে সালিহিনের নাম ব্যবহার করে সাধারণ মানুষকে বিপথগামী করছে। অনলাইনে ও অফলাইনে সর্বস্তরের মুসলমানদের মধ্যে সংশয় ছড়াচ্ছে। সর্বযুগের সংখ্যাগরিষ্ঠ আলিম ও মুজাহিদদের একবাক্যে বিদআতি বলে আখ্যায়িত করছে। আহলুস সুন্নাত ওয়াল জামাআতের আকিদাকে জাহমি আকিদা বলে অভিহিত করে সমাজে নিরেট দেহবাদী ও অক্ষরবাদী ভ্রান্ত আকিদা ছড়িয়ে দিচ্ছে। ইতিহাসের পাতায় বিগত হওয়া মুশাববিহা (সাদৃশ্যবাদী), মুজাসসিমা (দেহবাদী) এবং ভ্রান্ত হাশাওয়ি ফিরকার আকিদা পুনরুজ্জীবিত করছে আর এগুলো সালাফের একমাত্র সহিহ আকিদা বলে একপাক্ষিক প্রচারণা চালাচ্ছে। সালাফ ও খালাফ তথা পূর্ববর্তী ও পরবর্তী আলিমদের আকিদা থেকে বিচ্যুত এই বিচ্ছিন্ন ও বিভ্রান্ত আকিদার মোকাবিলার জন্য আমাদের হকপন্থি মহান আকাবিরদের আকিদাবিষয়ক আলোচনাগুলো বাংলায় অনূদিত হয়ে আসা সময়ের দাবি ছিল। আল্লাহ তাআলা অনুবাদককে সেই দাবি পূরণের জন্য কবুল করেছেন।

আমি দুয়া করি, আল্লাহ তাআলা গ্রন্থটির লেখক, অনুবাদক, প্রকাশক, পাঠক ও শুভানুধ্যায়ী সবাইকে উত্তমরূপে কবুল করুন। তরুণ আলিম মুফতি আলী হাসান উসামাকে উম্মাহর খিদমতে আরও বেশি বেশি অসামান্য অবদান রাখার তাওফিক দান করুন। আমিন।

(আল্লামা মুহাম্মদ জুনায়েদ)
শায়খুল হাদীছ ও শিক্ষা পরিচালক
আল জামিয়াতুল আহলিয়া
দারুল উলূম মুঈনুল ইসলাম
হাটহাজারী, চট্টগ্রাম, বাংলাদেশ।

**আল্লামা জুনায়েদ বাবুনগরী**
২৩ সেপ্টেম্বর ২০২০

# অনুবাদকের কথা

*ইসলামি আকিদা* গ্রন্থটি একক কোনো বইয়ের অনুবাদ নয়। পাক-ভারত উপমহাদেশের সত্যান্বেষী পাঠকদের সামনে আল্লামা ইদরিস কান্ধলবি রাহ.-কে নতুন করে পরিচয় করিয়ে দেওয়ার কিছু নেই। তাঁর আকিদা বিষয়ক আলোচনার সংকলন আমাদের বক্ষ্যমাণ *ইসলামি আকিদা*। আমরা এতে ইসলামি আকিদার সঙ্গে সম্পর্কিত সবগুলো বিষয়ে লেখকের বিক্ষিপ্ত আলোচনা বিন্যস্তভাবে সংকলিত করে সেগুলোর সরল অনুবাদ উপস্থাপনের চেষ্টা করেছি। গ্রন্থটির প্রথম খণ্ডে লেখকের যেসব গ্রন্থ থেকে আলোচনা সংকলন করা হয়েছে তা হলো : *আকায়িদুল ইসলাম, খুলাসাতুল আকায়িদ, উসুলুল ইসলাম, ইলমুল কালাম, মুসলমান কৌন হ্যয়* এবং *কাফির কৌন*। গ্রন্থটি ইনশাআল্লাহ তিন খণ্ডে সমাপ্ত হবে। পরবর্তী খণ্ড দুটোতে উল্লিখিত গ্রন্থগুলোর পাশাপাশি লেখকের অন্যান্য গ্রন্থ থেকেও প্রাসঙ্গিক আলোচনা স্থান পাবে।

গ্রন্থটিকে যেহেতু আমরা নতুনভাবে বিন্যস্ত করে সংকলন করেছি, তাই এতে আমাদের দেশের প্রেক্ষাপট ও অবস্থার প্রেক্ষিতে এখানকার পাঠকদের জন্য একান্ত প্রয়োজনীয় আলোচনাগুলোই স্থান দিয়েছি। যে বিষয়গুলো কোনোভাবেই সাধারণ পাঠকদের বোধগম্য নয়, আমরা তা বাদ দিয়েছি। অন্যথায় বইটির কলেবর হতো এরচেয়ে অন্তত দ্বিগুণ। তবে আমরা এতে যে আলোচনাগুলো স্থান দিয়েছি, আশা করি আলিম এবং সত্যান্বেষী সাধারণ পাঠকদের জন্য প্রাথমিকভাবে এগুলো ইনশাআল্লাহ যথেষ্ট হবে। আকিদা বিষয়ক কয়েকটি ছোট পুস্তিকার পরে বিস্তৃত আলোচনাসমৃদ্ধ এ গ্রন্থটি আমাদের বড় পরিকল্পনার প্রাথমিক পদক্ষেপ মাত্র। আগামীতে ইমাম আবু হানিফা ও ইমাম তাহাবি রাহ.-এর আকিদা বিষয়ক আলোচনার সংকলনগ্রন্থ ব্যাখ্যাসহ প্রকাশ করা হবে ইনশাআল্লাহ।

বক্ষ্যমাণ গ্রন্থে আল্লামা ইদরিস কান্ধলবি রাহ.-এর আলোচনা ছাড়াও স্বতন্ত্র শিরোনামের অধীনে অল্প কিছু প্রয়োজনীয় আলোচনা সংযোজিত হয়েছে। এসব ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থানে টীকা যোগ করে সংযোজনের বিষয়টি আমরা স্পষ্ট করে দিয়েছি। এ ধরনের দুয়েকটি জায়গা ছাড়া পুরো গ্রন্থে স্থান পেয়েছে আল্লামা ইদরিস কান্ধলবি রাহ.-এর একক আলোচনা। অনুবাদের ক্ষেত্রে আমরা যথাসম্ভব আক্ষরিক অনুবাদ করার চেষ্টা

করেছি, যাতে অসচেতনভাবেও মূলভাব বিকৃত হয়ে না যায়। তবে এ ক্ষেত্রে সাবলীলতা রক্ষার স্বার্থে বাহুল্য ও অপ্রয়োজনীয় কথাগুলো বাদ দিয়েছি। মূল আলোচনায় প্রবেশের আগে লেখক শুরুর দিকে ভূমিকাস্বরূপ যে দীর্ঘ আলোচনার অবতারণা করেছেন, তার কিছু জায়গায় তিনি কথা সংক্ষেপিত রেখেছেন। কিছু বিষয়ের দিকে শুধু ইঙ্গিত করে আলোচনার মোড় অন্যদিকে ঘুরিয়েছেন। সাধারণ পাঠকদের কথা বিবেচনা করে এসব ক্ষেত্রে আমরা অস্পষ্ট ও সংক্ষিপ্ত কথাগুলোর ব্যাখ্যামূলক অনুবাদ করেছি। বোঝার জন্য যতটুকু প্রয়োজন, ততটুকু অতিরিক্ত আলোচনা সংযোজন করেছি। তবে মূল গ্রন্থে আকিদা বিষয়ক যেসব আলোচনা তিনি করেছেন—যেহেতু এ বিষয়গুলো অত্যন্ত সূক্ষ্ম এবং এর সঙ্গে অনেক কিছু সম্পর্কিত, তাই এসব ক্ষেত্রে আমরা তাঁর বক্তব্যের হুবহু অনুবাদ উদ্ধৃত করেছি। নিজেদের পক্ষ থেকে মূল ভাষ্যে অতিরিক্ত বিষয় সংযোজিত করিনি। কোথাও একান্ত কিছু সংযোজনের প্রয়োজন হলে এর জন্য আলাদা টীকা যোগ করেছি। তবে সর্বাবস্থায় লেখকের মূল ভাষ্য অবিকৃত রেখেছি।

আকিদার বিষয়টি এতটাই বিস্তৃত আলোচনার দাবি রাখে যে, তিন খণ্ডে সমাপ্য প্রায় হাজার পৃষ্ঠার এই বিশাল কলেবরের গ্রন্থটিকেও এ বিষয়ে অপূর্ণাঙ্গই বলতে হয়। লেখক প্রতিটি বিষয়ে সংক্ষিপ্তভাবে মৌলিক কথাগুলো বলার চেষ্টা করেছেন। কিছু জায়গায় দীর্ঘ আলোচনা করেছেন। প্রতিটি শিরোনামের অধীনে কুরআন, সুন্নাহ ও ইজমার সব দলিল এবং বিবেকের সব যুক্তি একত্র করতে চাইলে প্রতিটি অধ্যায়ের জন্য এই কলেবরের একেকটি স্বতন্ত্র পুস্তক প্রয়োজন। এ জন্য আকিদার ইলম অর্জনে আগ্রহী ভাইদের প্রতি অনুরোধ থাকবে, আকিদার মতো ব্যাপক এবং বিস্তৃত বিষয়ে কেবল একটি গ্রন্থের ওপর নির্ভর করবেন না। কোনো যোগ্য, বিজ্ঞ, প্রাজ্ঞ ও অভিজ্ঞ আলিমের পরামর্শ অনুসারে অধ্যয়ন নিয়মিত অব্যাহত রাখবেন। তবে এ কথা দৃঢ় প্রত্যয়ের সঙ্গেই বলতে পারি, বক্ষ্যমাণ গ্রন্থটি হক আদায় করে অধ্যয়ন করলে ইনশাআল্লাহ ইসলাম সম্পর্কে আরও গভীরভাবে জানতে পারবেন এবং আকিদাকেন্দ্রিক অধিকাংশ ফিতনা থেকে নিজের ইমান সুরক্ষিত রাখতে পারবেন। তাহলে আর দেরি কেন! আসুন, এর পাঠ সরোবরে অবগাহন করি।

আল্লাহ তাআলা এ গ্রন্থটির লেখক, পাঠক, অনুবাদক, প্রকাশক ও প্রচারকদের উত্তম প্রতিদান দান করুন। প্রকাশিতব্য দুই খণ্ডের কাজও দ্রুত সমাপ্তির তাওফিক দান করুন।

**আলী হাসান উসামা**
alihasanosama.com

# বিষয়সূচি


**লেখকের ভূমিকা** **১৭**

**ইসলাম** **২২**
ইসলামের তত্ত্বকথা ২২
ইসলামের পরিচয় ২৩

**ইসলামের বৈশিষ্ট্যসমূহ** **২৫**
ইসলামের প্রথম বৈশিষ্ট্য ২৫
ইসলামের দ্বিতীয় বৈশিষ্ট্য ২৬
ইসলামের তৃতীয় বৈশিষ্ট্য ২৭
ইসলামের চতুর্থ বৈশিষ্ট্য ২৯
ইসলামের পঞ্চম বৈশিষ্ট্য ৩০
ইসলামের ষষ্ঠ বৈশিষ্ট্য ৩২
ইসলামের সপ্তম বৈশিষ্ট্য ৩৩

**ইসলামের রুচি ও প্রকৃতি** **৩৬**
সবকিছুর ওপর আকিদার গুরুত্ব ৩৭
লক্ষ্য আল্লাহর সন্তুষ্টি ৪০
দীন ও শরিয়তের ব্যাপারে সচেতনতা ও সংবেদনশীলতা ৪৫
পরিভাষা ব্যবহারে সতর্কতা ৪৬
আখিরাতের গুরুত্ব ৫১
আল্লাহই একমাত্র বিধানদাতা ও আইনপ্রণেতা ৫২
উম্মতের সঙ্গে নবিগণের সম্পর্কের স্বরূপ ৫৩
ইসলাম পূর্ণাঙ্গ ও শাশ্বত দীন ৫৭
ইসলাম চির অবিকৃত ও সদা অপরিবর্তিত ৫৯
হাদিস ও সুন্নাহর অনুপম সংরক্ষণ ৬১
ইসলামের স্বকীয়তা ৬৩

**তাওহিদ** **৬৪**
মাজুসিদের আকিদা ৬৫
খ্রিষ্টানদের আকিদা ৬৭

ইয়াহুদিদের আকিদা ৭৪
হিন্দুদের আকিদা ৭৫
আর্যসমাজের আকিদা ৭৮
বৌদ্ধদের আকিদা ৭৯

**যুক্তির নিরিখে তাওহিদ ৮১**

তাওহিদের প্রথম প্রমাণ ৮১
তাওহিদের দ্বিতীয় প্রমাণ ৮৫
তাওহিদের তৃতীয় প্রমাণ ৮৫
তাওহিদের চতুর্থ প্রমাণ ৮৬
তাওহিদের পঞ্চম প্রমাণ ৮৬
তাওহিদের ষষ্ঠ প্রমাণ ৮৭
তাওহিদের সপ্তম প্রমাণ ৮৭
তাওহিদের অষ্টম প্রমাণ ৮৭
তাওহিদের নবম প্রমাণ ৮৭
তাওহিদের দশম প্রমাণ ৮৮
তাওহিদের একাদশ প্রমাণ ৮৮
তাওহিদের দ্বাদশ প্রমাণ ৮৯

**তাওহিদ ও শিরকের স্বরূপ ৯০**

তাওহিদের মর্মকথা ৯০
শিরকের তত্ত্বকথা ৯১

**ইমান ৯৫**

ইমানের পরিচয় ৯৫
ইমানের জন্য ‘আল-বারা’র অপরিহার্যতা ৯৫
ইমানের হ্রাস-বৃদ্ধি ৯৬
ইমান ও ইসলামের মধ্যে পার্থক্য ৯৮
ইমানের জন্য ইসলামের অপরিহার্যতা ৯৯
অদৃশ্যলোকে বিশ্বাস ৯৯
শুধুমাত্র গুনাহের কারণে ইমান নষ্ট হয় না ১০০
ইমান ও কুফরের মধ্যে শেষ অবস্থার মূল্যায়ন হবে ১০১
নিজেকে মুমিন মনে করা ১০১
ইমানের শাখা ১০২
আন্তরিক বিশ্বাস সম্পর্কিত ইমানের শাখা ১০২
মৌখিক উচ্চারণসংশ্লিষ্ট ইমানের শাখা ১০৪
অঙ্গপ্রত্যঙ্গ-সংশ্লিষ্ট ইমানের শাখা ১০৪

**কুফর** **১০৭**
কুফরের পরিচয় ১০৭
কুফরের কারণ ও প্রকার ১০৭
কাফির : পরিচয় ও প্রকারভেদ ১০৮
মুরতাদের পরিচয় ১০৯
ইলহাদ ও জানদাকার পরিচয় ১১০
কাফির, মুনাফিক ও জিনদিকের পার্থক্য ১১১
আহলে কিবলার কুফর ১১১
একটি সংশয় নিরসন ১১৩
জরুরিয়াতে দীনের আলোচনা ১১৪
জরুরিয়াতে দীন ও অকাট্য বিষয়ে বিতর্কে লিপ্ত হওয়া কুফর ১১৪
কুফর ও কাফিরের বিধান ১১৫
কুফরের পারলৌকিক বিধান ১১৬
কুফরের ইহলৌকিক বিধান ১১৭
মুরতাদ ও জিনদিকের বিধান ১৩০

**উম্মাহর মতানৈক্য ও মুক্তিপ্রাপ্ত দল** **১৪০**
মুক্তিপ্রাপ্ত দলের পরিচয় ১৪৫
ভ্রান্ত দলগুলোর পরিচিতি ১৪৬
খারেজি ১৪৭
শিয়া ও রাফিজি ১৪৮
কাদরিয়া ও জাবরিয়া ১৫১
মুতাজিলা ১৫২
মুশাব্বিহা ও মুআত্তিলা ১৫২
মুরজিয়া ১৫৩
জাহমিয়া ১৫৩
বাতিল ফিরকার ব্যাপারে আমাদের অবস্থান ১৫৪
ইমাম আবু হানিফা রাহ. এবং ইলমুল কালাম ১৫৪
মুক্তিপ্রাপ্ত দল শুধু আহলুস সুন্নাত ওয়াল জামাআত ১৫৬
চার মাজহাব ১৫৭
আশআরি ও মাতুরিদি ১৫৭

**আল্লাহ** **১৫৯**
আল্লাহর অস্তিত্ব ১৫৯
খোদাদ্রোহীদের যুক্তি খণ্ডন ১৬০
সুলিখিত পুস্তকের উদাহরণ ১৬২

রাজপ্রাসাদের উদাহরণ ১৬২
ঘড়ির উদাহরণ ১৬২
ঘরের উদাহরণ ১৬৩
ইমাম আবু হানিফার ঘটনা ১৬৬
ইমাম মালিকের ঘটনা ১৬৬
ইমাম শাফিয়ির ঘটনা ১৬৭
আল্লাহ এক ১৬৭
আল্লাহ অনাদি ও অনন্ত ১৬৮
আল্লাহ চির নির্মুখাপেক্ষী ১৭০
আল্লাহর গুণাবলি ১৭০
আল্লাহর জ্ঞান ১৭২
আল্লাহ সবকিছু পরিব্যাপ্ত করে আছেন ১৭৩
আল্লাহ নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী ১৭৪
যাবতীয় গুণ ও সৃষ্টির স্রষ্টা একমাত্র আল্লাহ ১৭৫
আল্লাহ ভালো-মন্দ উভয়টির স্রষ্টা ১৭৬
বান্দার কাজের স্রষ্টাও আল্লাহ ১৭৬
তাকদির ১৮১
তাকদির নিয়ে সংশয়ের অপনোদন ১৮৩
তাকদিরের ব্যাপারে হকপন্থিদের অবস্থান ১৮৪
সৃষ্টি ও অর্জনের মধ্যে পার্থক্য ১৯১
আল্লাহর কালাম ১৯৬
কুরআন মাজিদ চিরন্তন ও অসৃষ্ট ১৯৮
আল্লাহ স্থান ও কালের সীমাবদ্ধতা থেকে পবিত্র ২০২
মহান আল্লাহ তুলনাহীন ২০২
আল্লাহর ওপর কোনো কিছু আবশ্যক নয় ২০৩
মহান আল্লাহ একচ্ছত্র শক্তির অধিকারী ২০৪
আল্লাহর গুণাবলির স্তর ও সাদৃশ্যমূলক নিগূঢ় গুণাবলি ২০৬
সাদৃশ্যবাদীদের অবস্থান ২০৭
মুতাজিলাদের অবস্থান ২০৮
আহলুস সুন্নাত ওয়াল জামাআতের অবস্থান ২০৯
আল্লাহর নাম নির্ধারিত শ্রুতিনির্ভর ২১১
আল্লাহর গুণাবলি অসীম ২১২
আল্লাহর গুণাবলি অসৃষ্ট ২১৩
আল্লাহর গুণরাশি তাঁর সত্তার সঙ্গে সম্পৃক্ত নয় আবার সত্তা বহির্ভূতও নয় ২১৩
আল্লাহর সকল গুণ চিরন্তন ২১৫

আল্লাহর গুণরাশি বিন্যাসের ঊর্ধ্বে ২১৬
আল্লাহ চিরপবিত্র ২১৬
আল্লাহ তাআলা দেহবিশিষ্ট সত্তা নন ২১৭
আল্লাহ তাআলা কারও পিতা বা পুত্র হওয়া অসম্ভব ২১৮
আল্লাহ তাআলা অন্য কিছুর সঙ্গে সংযুক্ত নন ২১৮
আল্লাহ তাআলা পদার্থ নন ২১৯
আল্লাহ তাআলার কোনো রূপ ও আকার-আকৃতি নেই ২১৯
আল্লাহ তাআলা স্থান, কাল, দিক ও প্রান্ত থেকে পবিত্র ২১৯

**পূর্ণতার গুণাবলি ২২১**
হায়াত ২২১
ইলম ২২২
কুদরত ২২৩
ইরাদা ২২৩
শ্রবণ ও দর্শন ২২৪
কালাম ২২৫
সৃজন ও গঠন ২২৭

**আল্লাহর নিগূঢ় সাদৃশ্যমূলক গুণাবলি ২৩০**

**মহান আল্লাহর পবিত্রতা ও সৃষ্টির সঙ্গে বৈসাদৃশ্য ২৩৯**
আহলুস সুন্নাহর দৃষ্টিতে ‘আরশের ওপর ইসতিওয়া’-এর হাকিকত ২৪৬
ইমাম গাজালি রাহ.-এর বিশ্লেষণ ২৪৮
ইমাম আবু তাহির কাজওয়িনি রাহ.-এর বিশ্লেষণ ২৫০

**ইসতিওয়া আলাল আরশ : চার ইমামের আকিদা ২৫৪**
ইমাম আবু হানিফা রাহ. ২৬৪
কয়েকটি সংশয়ের নিরসন ২৬৫
ইমাম মালিক রাহ. ২৭৩
ইমাম শাফিয়ি রাহ. ২৮২
ইমাম আহমাদ ইবনু হাম্বল রাহ. ২৮৩
ইসতিওয়া : সত্তাগত গুণ নাকি কর্মগত গুণ ২৮৪